

আরবিআই/2013-14/403

ইউবিডি.সিও.বিপিডি.(পিসিবি).সার.নং.42/12.05.001/2013-14

ডিসেম্বর 6, 2013

মুখ্য নির্বাহী আধিকারিক

সমস্তু (প্রাথমিক)শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্কসমূহ

প্রিয় মহাশয়/মহাশয়া

**এসএমএস দ্বারা সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাসুল**

অনুগ্রহ করে 'গ্রাহক পরিষেবা —এসএমএস দ্বারা সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাসুল'-এর উপরে অক্টোবর 29, 2013 তারিখে ঘোষিত মুদ্রা-নীতি বিবরণ 2013-14-এর (সার্বাংশ সংযোজিত) দ্বিতীয় ত্রৈমাসিক সমীক্ষার অনুচ্ছেদ 37 দেখুন।

2. এই সূত্রে, আমাদের মার্চ 9, 2007 তারিখের সার্কুলার ইউবিডি.সিও.বিপিডি(পিসিবি)নং. 31/12.05.001/ /2006-2007 তে 'ব্যাঙ্ক মাসুলের যৌক্তিকতা সুনিশ্চিত করার জন্য একটি প্রণালী প্রণয়ন হেতু পরিচালন গোষ্ঠীর প্রতিবেদন' বিষয়ে প্রসঙ্গটির প্রতি দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে। এই সার্কুলারের সাহায্যে শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক এই উদ্দেশ্যে গঠিত পরিচালন গোষ্ঠী দ্বারা নির্ধারিত মাপকাঠির উপর ভিত্তি করে মূল ব্যাঙ্কিং পরিষেবাগুলিকে চিহ্নিত করতে; এই নীতিগুলি গ্রহণ/অনুসরণ করে মূল ব্যাঙ্কিং পরিষেবাগুলির জন্য যৌক্তিকতার ভিত্তিতে পরিষেবা মাসুল স্থির করতে এবং তা জানিয়ে দিতে।

3. ফেব্রুয়ারি 18, 2009 তারিখের সার্কুলার আরবিআই/ডিপিএসএস.নং.1501/02.14.003/2008-2009 এবং মার্চ 29,2011 তারিখের সার্কুলার ডিপিএসএস.সিও.পিডি.2224/02.14.003/2010-2011 অনুসারে শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্কগুলিকে, বিভিন্ন খাতে কার্ড ব্যবহার করে করা, (টাকার পরিমাণ যাই হোক), সব ধরনের লেনদেনের জন্য একটি অনলাইন সতর্কতা জারি করার পদ্ধতি উপস্থাপিত করতে হবে।

4. এপ্রিল 28, 2006 তারিখের আমাদের সার্কুলার ইউবিডি.(পিসিবি).বিপিডি.সার.নং.50/09.69.000/2005-06.যেভাবে নিরূপণ করেছে সেই মত বর্তমানে ইউবিডিগুলি এটিএম পরিষেবা দিচ্ছে এবং গ্রাহকদের এটিএমসহ ডেবিট কার্ড জারি করেছে। শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্কের এবং টেলিকম পরিষেবা প্রদানকারীদের আয়ত্রে যে প্রযুক্তি আছে তার দ্বারা প্রকৃত এসএমএস ব্যবহারের ওপর ভিত্তি করে গ্রাহকদের ওপর মাসুল ধার্য করা এখন খুবই সম্ভব,। তদনুসারে, গ্রাহকদের এসএমএস দ্বারা সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাসুলের যৌক্তিকতা এবং সমতা নিশ্চিত করার উদ্দেশ্যে, শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্কগুলিকে

নির্দেশ দেওয়া হয়েছে তাদের এবং টেলিকম পরিষেবা সরবরাহকারীদের কাছে যা প্রযুক্তি আছে তার সাহায্য নিয়ে প্রকৃত ব্যবহারের ভিত্তিতে সব গ্রাহকদের ওপর উক্ত মাসুল ধার্য করা নিশ্চিত করতে।

আপনার বিশ্বস্ত,

(এ কে বেরা)  
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

---

### মুদ্রা নীতি 2013-14-এর দ্বিতীয় ত্রৈমাসিক সমীক্ষার সারসংক্ষেপ

গ্রাহক পরিষেবা - এসএমএস দ্বারা সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাসুল

37. গ্রাহকদের এসএমএস দ্বারা সতর্কতা পাঠানোর জন্য ব্যাঙ্ক কর্তৃক ধার্য মাসুলের যৌক্তিকতা এবং সমতা নিশ্চিত করার উদ্দেশ্যে, ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে তাদের এবং টেলিকম পরিষেবা সরবরাহকারীদের কাছে যে প্রযুক্তি আছে তার সাহায্য নিয়ে প্রকৃত ব্যবহারের ভিত্তিতে সব গ্রাহকদের ওপর উক্ত মাসুল ধার্য করা নিশ্চিত করতে।